**নাম: মো: আবু বকর ছিদ্দিক**

**জন্ম তারিখ: ১ জানুয়ারি, ১৯৮৮**

**শহীদ হওয়ার তারিখ: ২৫ জুলাই, ২০২৪**

**ব্যক্তিগত তথ্য:**

পেশা: চাকরিজীবী, এলিফ্যান্ট কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ ,
শাহাদাতের স্থান : ফেনীর দাগনভূঁইয়ায় হাসপাতালে

## শহীদের জীবনী

শহীদ মো: আবু বকর ছিদ্দিকের জন্ম ফেনী জেলার দাগনভূঁইয়া থানার ইয়াকুবপুর ইউনিয়নের দক্ষিণ চানপুর গ্রামে ১৯৮৮ সালের ১ জানুয়ারি।পিতা আবুল হাসেম, মাতা দেলোয়ারা বেগম।বর্তমানে শহীদের পিতা-মাতা কেউই বেঁচে নেই।শহীদ আবু বকর ছিদ্দিকের পরিবারে তার স্ত্রী ও দুটি শিশু সন্তান রয়েছে। এলিফ্যান্ট কেমিক্যাল ইন্ডাস্ট্রিজে চাকরিরত ছিলেন তিনি।

শহীদের অর্থনৈতিক অবস্থা
পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি ছিলেন শহীদ মো: আবু বকর ছিদ্দিক।এলিফ্যান্ট কেমিক্যাল ইন্ডাস্ট্রিজে কর্মরত ছিলেন।পরিবারে রয়েছে স্ত্রী ও ছোট ছোট দুটি শিশু।একমাত্র ছেলে ৮ বছর বয়সী ফারহান।ফারহান বর্তমানে ২য় শ্রেণিতে অধ্যয়নরত।একমাত্র মেয়ে আয়াতুল্লাহ সিদ্দিকী, মাত্র ১০ মাস।বর্তমানে স্ত্রী তার ২ সন্তানসহ খুবই অসহায় জীবন-যাপন করছে।স্বামীর স্মৃতি তার চোখের সামনে ভাসছে।ছেলে ফারহান বাবাকে ভুলতে পারছেনা।আর মেয়ে আয়াতুল্লাহ তো বুঝলই না বাবার আদর কি জিনিস পরিবারের একমাত্র আয়ের উৎস বন্ধ হয়ে যাওয়ায় বাচ্চাগুলোর ভবিষ্যৎ এখন অন্ধকারের মুখে, অনিশ্চিত হয়ে গেল তাদের সুন্দর আগামী।বাবার আদর থেকে বঞ্চিত হল সারাজীবনের জন্য।
শহীদী মৃত্যুর প্রেক্ষাপট
২১ জুলাই ২০২৪।দিনটা ছিল রবিবার।বরাবরের মত অফিস শেষে বের হয়েছেন আবু বকর।ফেনীর রেলগেট এলাকায় এসে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মিছিল দেখে তাতে যোগ দেন তিনি।এসময় পুলিশ অতর্কিত হামলা চালায়।
বলে রাখা ভালো, দেশের পরিস্থিতি তখন একদম ভালো না।বৈষম্যবিরোধী ছাত্রদের নেতৃত্বে তখন সারা দেশে চলছে তুমুল আন্দোলন।সরকারের নির্দেশে সারাদেশে ইন্টারনেট সরবরাহ বন্ধ করে দেয়া হয়েছে।দেশের কোথায় কি হচ্ছে, কিভাবে হচ্ছে জানার উপায় নেই।এছাড়া ফ্যাসিস্ট সরকারের নির্দেশে পুলিশবাহিনী পাখির মত মানুষ মারছে।এমনই এক পাখি ছিল শহীদ আবু বকর।সে কিছু বুঝে উঠার আগেই হঠাৎ করে পুলিশের একটি গুলি তার গায়ে এসে লাগে।পরবর্তীতে পরিস্থিতি স্বাভাবিক হলে তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়।হাসপাতালে পাঁচদিন মৃত্যুর সাথে পাঞ্জা লড়ে অবশেষে না ফেরার দেশে পাড়ি দেন তিনি পরবর্তীতে তার মৃতদেহ তার গ্রামের বাড়িতে নিয়ে যাওয়া হয়।
শহীদ আবু বকর ছিদ্দিক তার নিজ বাড়ি ফেনীর দাগনভূঁইয়ায় চিরনিদ্রায় শায়িত আছেন।আল্লাহ রাব্বুল আলামীন তাকে জান্নাতুল ফেরদৌস নসীব করুন।

এক নজরে শহীদের ব্যক্তিগত তথ্যাবলি
নাম : মো: আবু বকর ছিদ্দিক
জন্ম তারিখ : ০১/০১/১৯৮৮
পেশা : চাকরিজীবী, এলিফ্যান্ট কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ
বর্তমান ও স্থায়ী ঠিকানা : গ্রাম: দক্ষিণ চানপুর, ইউনিয়ন : ইয়াকুবপুর, থানা: দাগনভূইয়া, জেলা: ফেনী
পিতার নাম : আবুল হাসেম
মাতার নাম : দেলোয়ারা বেগম
ঘটনার স্থান : রেলগেট, ফেনী
আক্রমনকারী : পুলিশ
আহত হওয়ার সময়কাল : তারিখ : ২১/০৭/২০২৪
মৃত্যুর তারিখ ও সময়: তারিখ : ২৫/০৭/২০২৪